বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

৭১-৭২, পুরাতন এলিফেন্ট রোড, ইস্কাটন, ঢাকা, ১০০০।

www.pkb.gov.bd

"মুজিববর্ষের সেবা নিন
প্রবাসী কল্যাণ ব্যাংকের সহজ ঋণ"

স্মারক নং- ৫৩.১৬.২৬৬৬.৯৯৯.১৬.০০১.২১-৪৫৭(১)

তারিখ: ১২.০৯.২০২১

বিষয়: **তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে প্রবাসী কল্যাণ ব্যাংকের যাবতীয় তথ্যের ক্যাটাগরী ও ক্যাটালগ তৈরি সংক্রান্ত।**

তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে প্রবাসী কল্যাণ ব্যাংকের সমুদয় তথ্য ৩টি ক্যাটাগরীতে ভাগ করে নিম্নোক্তভাবে ক্যাটালগ তৈরি করা হলো:

১। ক্যাটাগরী (ক)- **স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য:**

প্রবাসী কল্যাণ ব্যাংক নিম্নোক্ত তথ্যসমূহ স্বপ্রণোদিতভাবে তথ্যের বিবরণের পাশে বর্ণিত প্রকাশ মাধ্যমে প্রকাশ করবে ও সময়ে সময়ে তা হালনাগাদ করবে:

| ক্রম | তথ্যের বিবরণ | প্রকাশের মাধ্যম |
|---|---|---|
| ১ | ব্যাংকের সাংগঠনিক কাঠামো | ওয়েবসাইট |
| ২ | উর্ধ্বতন কর্মকর্তাদের ডিরেক্টরী | ওয়েবসাইট |
| ৩ | প্রবাসী কল্যাণ ব্যাংক এর পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ও পরিচালকগণের তালিকা | ওয়েবসাইট |
| ৪ | নির্বাহী কমিটির সদস্যদের তালিকা | ওয়েবসাইট |
| ৫ | ব্যবস্থাপনা কমিটির সদস্যদের তালিকা | ওয়েবসাইট |
| ৬ | অডিট কমিটির সদস্যদের তালিকা | ওয়েবসাইট |
| ৭ | রিস্ক ম্যানেজমেন্ট কমিটির সদস্যদের তালিকা | ওয়েবসাইট |
| ৮ | অত্র ব্যাংকের কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন আইন | ওয়েবসাইট |
| ৯ | অত্র ব্যাংকের কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট বিধি, প্রবিধি ও নীতিমালা | ওয়েবসাইট |
| ১০ | ব্যাংকের সিটিজেন চার্টার | ওয়েবসাইট |
| ১১ | ব্যাংকের বার্ষিক প্রতিবেদন ও অডিট রিপোর্ট | ওয়েবসাইট |
| ১২ | ব্যাংকের ক্রয় সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তি | ওয়েবসাইট ও জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি |
| ১৩ | ঋণ সেবা ও সঞ্চয়ী সেবা সম্পর্কিত তথ্যাবলী | ওয়েবসাইট |
| ১৪ | সঞ্চয়ী হিসাব ও ঋণ আবেদনের ফরম | ওয়েবসাইট |
| ১৫ | কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ, বদলী, পদোন্নতি সংক্রান্ত অফিস আদেশ | ওয়েবসাইট |
| ১৬ | কর্মকর্তা/কর্মচারীদের অর্জিত ছুটি/শ্রান্তি বিনোদন ছুটি সংক্রান্ত অফিস আদেশ | ওয়েবসাইট |
| ১৭ | বিভাগীয় মামলার চূড়ান্ত আদেশ | ওয়েবসাইট |
| ১৮ | ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারীকৃত পরিপত্র | ওয়েবসাইট |
| ১৯ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ২০ | সিডিউল অব চার্জেস | ওয়েবসাইট |
| ২১ | বিভিন্ন বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর, ইমেইল ঠিকানাসহ তালিকা | ওয়েবসাইট |
| ২২ | বিভিন্ন বিষয়ে বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর, ইমেইল ঠিকানাসহ তালিকা | ওয়েবসাইট |
| ২৩ | বিভিন্ন বিষয়ে আপীল কর্তৃপক্ষের নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর, ইমেইল ঠিকানাসহ তালিকা | ওয়েবসাইট |

| ক্রম | তথ্যের বিবরণ | প্রকাশের মাধ্যম |
|---|---|---|
| ২৪ | সকল শাখার যোগাযোগ ( শাখার ঠিকানা ও ফোন নম্বর) সংক্রান্ত যাবতীয় তথ্যবলী | ওয়েবসাইট |
| ২৫ | ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের বিদেশ ভ্রমণ/ NOC সংক্রান্ত তথ্যাবলী | ওয়েবসাইট |
| ২৬ | নিয়োগ বিজ্ঞপ্তি | ওয়েবসাইট ও জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি |

২। ক্যাটাগরী (খ)- **চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্য:**

নিম্নোক্ত তথ্যসমূহ জনগণের চাহিদার ভিত্তিতে প্রবাসী কল্যাণ ব্যাংক প্রদান করবে-

(ক) স্বপ্রণোদিত প্রকাশিত বিভিন্ন তথ্য;

(খ) বিভিন্ন নীতি;

(গ) সংস্থার বাজেট ও বার্ষিক প্রতিবেদন, স্মারক, প্রকাশিত বিভিন্ন বই, নকশা, চুক্তি;

(ঘ) আর্থিক তথ্য, যেমন- আয়/ব্যয় সংক্রান্ত হিসাব বিবরণী, আর্থিক প্রতিবেদন ইত্যাদি;

(ঙ) অডিট রিপোর্ট (জবাবসহ);

(চ) ব্যয় সংক্রান্ত তথ্য, বাস্তবায়িত/বাস্তবায়নাধীন কর্মকান্ডের অগ্রগতি সংক্রান্ত তথ্য;

(ছ) ক্রয় কার্যক্রম সংক্রান্ত তথ্য (সিদ্ধান্ত গ্রহণের পর);

(জ) উপকারভোগীদের তালিকা;

(ঝ) বিভিন্ন প্রশাসনিক রেজিস্টার খাতা, লগ বই, তথ্য-উপাত্ত, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, পত্র;

(ঞ) আলোকচিত্র, অংকিতচিত্র, অডিও-ভিজুয়াল ডকুমেন্ট, ডকুমেন্টারি, ইলেক্ট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত কোন ইন্সট্রুমেন্ট বা যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি;

(ট) নিয়োগ/বদলী সংক্রান্ত আদেশ;

(ঠ) দেশে/ বিদেশে ভ্রমণ সংক্রান্ত তথ্যাবলী;

(ড) জনবল সংক্রান্ত তথ্যাবলী;

(ঢ) শাখা/কার্যালয়সমূহের অবস্থান সংক্রান্ত তথ্যাবলী; এবং

(ণ) প্রদান বাধ্যতামূলক নয় (ক্যাটাগরী-গ) এমন তথ্য ব্যতিত অন্যান্য তথ্য।

৩। ক্যাটাগরী (গ)- **প্রদান বাধ্যতামূলক নয় এমন তথ্য:**

নিম্নোক্ত তথ্যসমূহ ব্যাংক প্রদান ও প্রকাশ করতে বাধ্য থাকবে না-

(ক) দাপ্তরিক নোট সিট বা নোট সিটের প্রতিলিপি;

(খ) কোন তথ্য প্রকাশের ফলে কোন তৃতীয় পক্ষের বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হতে পারে এরূপ বানিজ্যিক বা ব্যবসায়িক অন্তর্নিহিত গোপনীয়তা বিষয়ক, কপিরাইট বা বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property Right) সম্পর্তিক তথ্য;

(গ) সুদের হার পরিবর্তন সম্পর্কিত আগাম তথ্য;

(ঘ) ব্যাংক পরিচালনা ও তদারকি সংক্রান্ত আগাম তথ্য;

(ঙ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ণ হতে পারে বা ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হতে পারে এরূপ তথ্য;

(চ) আদালতে বিচারাধীন কোন বিষয় এবং যা প্রকাশে আদালত বা ট্রাইবুনালের নিষেধাজ্ঞা রয়েছে অথবা যা প্রকাশ আদালত অবমাননার শামিল এরূপ তথ্য;

(ছ) তদন্তাধীন কোন বিষয় যার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাতে পারে;

(জ) কোন ক্রয় কার্যক্রমের বিষয়ে সিদ্ধান্ত নেয়ার আগে সংশ্লিষ্ট ক্রয় বা এর কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য;

(ঝ) কোন ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য;

(ঞ) নিয়োগ ও পদোন্নতি পরীক্ষাসহ সকল পাবলিক পরীক্ষার প্রশ্নপত্র ও পরীক্ষার ফলাফল সংক্রান্ত আগাম তথ্য; এবং

(ট) এ ছাড়াও, তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় যে সমস্ত তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয় সে সমস্ত তথ্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

১২/০৯/২০২১

**(মো: জাহাঙ্গীর হোসেন)**

মহাব্যবস্থাপক (প্রশাসন)

স্মারক নং- ৫৩.১৬.২৬৬৬.৯৯৯.১৬.০০১.২১- ৪৫৯(১) তারিখ: ১২.০৯.২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): **সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে**

১। তথ্য অধিকারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/জনসংযোগ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;

২। শাখা ব্যবস্থাপক (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক;

৩। বিভাগীয় প্রধান/সেল প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;

৪। ব্যবস্থাপনা পরিচালক এর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা **[ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য];**

৫। উপ-ব্যবস্থাপনা পরিচালক এর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা **[উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য];**

৬। মহাব্যবস্থাপক (সকল) এর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা **[মহাব্যবস্থাপক মহোদয়ের সদয় অবগতির জন্য];**

৭। উপসচিব, প্রশাসন ও কল্যাণ শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়;

৮। প্রোগ্রামার/সিনিয়র অফিসার/সহকারী প্রোগ্রামার, আইটি সিস্টেমস/আইটি অপারেশন বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা **[ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ];** এবং

৯। অফিস কপি।